দৈনিক বাংলা 120

তারিখ 16-2-79
পৃষ্ঠা 3 কলাম 8

# সমাজ বিজ্ঞান অনার্স পরীক্ষার ফলাফল

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা, রাষ্ট্রবিজ্ঞান এবং সমাজ বিজ্ঞান বিভাগের ১৯৭৬ সালের অনার্স পরীক্ষার ফলাফল সম্প্রতি প্রকাশিত হয়েছে।

বাংলা বিভাগের পাসের হার ৬০.৭%। অংশ গ্রহণকারী ৪১৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৮১ জন দ্বিতীয় শ্রেণী এবং ১৭৩ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন। পাস পেয়েছেন ৭৭ জন। কেউ প্রথম শ্রেণী পাননি।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগে পাসের হার ৬৪.৪%। অংশ গ্রহণকারী ৪০৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১০২ জন দ্বিতীয় শ্রেণীতে, ১৬১ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন। পাস পেয়েছেন ৫৯ জন। কেউ প্রথম শ্রেণী পাননি।

সমাজ বিজ্ঞান বিভাগের পাসের হার ৮৭.৮৩%। মোট ৩০৪ জন পরীক্ষার্থীর মধ্যে ১৭৫ জন দ্বিতীয় শ্রেণীতে, ৯২ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন। পাস পেয়েছেন ৯ জন। কেউ প্রথম শ্রেণী পাননি।